



## ঢাকা পানি সরবরাহ ও পয়ঃ নিষ্কাশন কর্তৃপক্ষ

ব্যবস্থাপনা পরিচালকের কার্যালয়  
জনতথ্য বিভাগ 'ওয়াসা ভবন'  
৯৮, কাজী নজরুল ইসলাম এভিনিউ, ঢাকা-১২১৫।



উন্নয়নের গণতন্ত্র  
শেখ হাসিনার মূলমন্ত্র

স্মারক নং-৪৬.১১৩.১০৩.০০.০০.০৮৪.২০১৭/৯০৫

তারিখঃ ১১/১০/২০২০

বার্তা সম্পাদক  
“দৈনিক জনকণ্ঠ”  
ঢাকা।


বিষয় : প্রকাশিত সংবাদের পরিপ্রেক্ষিতে ঢাকা ওয়াসার বক্তব্য।

১০ অক্টোবর ২০২১ ইং তারিখে আপনাদের “দৈনিক জনকণ্ঠ” পত্রিকায় 'পুরান ঢাকার বাংলাবাজার পাম্পে খাবার পানির কলসির' ছবি দেখানো হয়েছে, যা ঢাকা ওয়াসার দৃষ্টিগোচর হয়েছে। এ বিষয়ে ঢাকা ওয়াসার বক্তব্য নিম্নরূপ :

ঢাকা ওয়াসার আওতাধীন পুরাতন ঢাকার সূত্রাপুর বাংলাবাজার ইত্যাদি এলাকায় ঢাকা ওয়াসা'র সৃষ্টিগ্ন হতে রাস্তার পাশে স্ট্রীট হাইড্রেন্ট এর মাধ্যমে অত্র এলাকার নিম্ন আয়ের/ভাসমান/সর্বসাধারণ বিশুদ্ধ পানি ব্যবহার করে আসছে। এরকম স্ট্রীট হাইড্রেন্ট মডুস জোন-১ এর আওতাধীন পুরাতন ঢাকার অলি গলিতে বর্তমানে ৪০ এর মত বিদ্যমান আছে। হাইড্রেন্টগুলি ফরাশগঞ্জ এবং লালকুঠি পানির পাম্প কাছাকাছি অবস্থিত। প্রদর্শিত ছবিটি মূলতঃ স্ট্রীট হাইড্রেন্ট হতে বিনামূল্যে পানি সংগ্রহ করার কলসীর স্বাভাবিক সুশৃংখল সারি। বর্তমানে উক্ত এলাকায় পদ্মা-জশলদিয়া শোষণাগারের উৎপাদিত পানি অত্র এলাকায় সরবরাহ করা হচ্ছে এবং পানির প্রেসারও অনেক বেশি। দৃশ্যতঃ অত্র এলাকায় পানির কোন সংকট নেই।

পরিশেষে, ঢাকা ওয়াসার বক্তব্যটি আপনাদের “দৈনিক জনকণ্ঠ” পত্রিকার পরবর্তী সংখ্যায় ছবছ একই কলামে প্রকাশ করার জন্য বিশেষভাবে অনুরোধ জানানো হ'ল।

ব্যবস্থাপনা কর্তৃপক্ষের পক্ষে

  
২১/১০/২০২০

এ. এম. মোস্তফা তারেক  
উপ-প্রধান জনতথ্য কর্মকর্তা  
ঢাকা ওয়াসা।